

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
পরিকল্পনা মন্ত্রণালয়  
অডিট ও সমন্বয় শাখা  
www.sid.gov.bd

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের মার্চ ও এপ্রিল, ২০১৬ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভার তারিখ	: ২৯-০৫-২০১৬
সময়	: বিকাল ৩.৩০মিঃ
সভার স্থান	: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ (ব্লক-বি)
সভাপতি	: জনাব কে এম মোজাম্মেল হক সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর এজেন্ডাভিত্তিক আলোচনা করার আহ্বান জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করার সম্মতি প্রদান করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে বাজেট, আর্থিক ব্যবস্থাপনা ও সমন্বয় উপ-সচিব জনাব মোঃ তরিকুল আলম আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম উপস্থাপন করেন। বিগত জানুয়ারী ও ফেব্রুয়ারি, ২০১৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীর উপর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত এবং দৃষ্টিকরণ করা হয়। মাসিক সভার কার্যপত্রের আলোকে বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

বিগত সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

ক্রমিক নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে	সার্বিক তত্ত্বাবধানে
১	উপজেলা পর্যায়ে পরিসংখ্যান কর্মকর্তার ৪৬৭টি ১ম শ্রেণির পদ সৃজন: গত ৩১-০৩-২০১৬ তারিখ এ বিষয়ে অর্থ বিভাগে প্রস্তাব করা হয়েছে। এখন বিষয়টি অনুমোদনের অপেক্ষা।	অর্থ বিভাগের অনুমোদনের জন্য ৩১-০৩-২০১৬ তারিখে প্রেরণ করা হয়েছে। এখন অর্থ বিভাগের অনুমোদন সাপেক্ষে পরবর্তী কার্যক্রম নেয়া হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ সচিব (প্রশাসন-৩)	যুগ্মসচিব (প্রশাসন), SID
২	বিবিএস এর নন-ক্যাডার কর্মকর্তা ও নন-গেজেটেড কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৩ প্রণয়ন: ১ম শ্রেণির ৭৪টি পদের মধ্যে ৭৩টি পদের বিষয়ে সিদ্ধান্ত চূড়ান্ত হয়েছে। বিবিএস বিভাগে প্রেরণ করলেই তা প্রণয়ন করা হবে মর্মে সভায় আলোচনা হয়।	১০ দিনের মধ্যে সুস্পষ্ট মতামতসহ বিবিএস-কে রিপোর্ট প্রেরণ করতে হবে।	উপসচিব (প্রশাসন-৩), SID	যুগ্ম-সচিব (প্রশাসন), SID
৩	“পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ সম্পর্কিত নীতিমালা, ২০১৩” প্রণয়ন: ১৩টি মন্ত্রণালয় হতে মতামত পাওয়া গিয়েছে। দুতই এ বিষয়ে সভা করা হবে মর্মে উপ সচিব (তথ্য ব্যবস্থাপনা সভাকে অবহিত করেন)	আগামী ০৭-০৬-২০১৬ তারিখের মধ্যে সভা আহ্বান করতে হবে।	উপসচিব (প্রশাসন-৩), SID	অতিরিক্ত সচিব SID
৪	বিবিএস এর ১ম শ্রেণীর কর্মকর্তাগণের এসিআর স্ক্যান করে সংরক্ষণ: যেহেতু এটি একটি চলমান প্রক্রিয়া সেহেতু সমন্বয় সভার আলোচ্য বিষয় হতে এটি বাদ দেয়া হোক মর্মে সভাকে অবহিত করা হয়।	আলোচ্য বিষয়টি বাদ দিতে হবে।	সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১), SID সহকারী প্রোগ্রামার, SID	যুগ্ম-সচিব (প্রশাসন), SID
৫	বিবিএস এর ২য় পর্যায়ে অর্গানোগ্রাম প্রণয়ন: জনবল বাড়বে এই বিষয়টি বিবেচনায় রেখে একটি সোপান তৈরি করে দুত প্রস্তাব করা হবে মর্মে সভাকে অবহিত করা হয়।	আগামী ৩০শে জুনের মধ্যে বিষয়টি নিষ্পত্তি করতে হবে।	উপসচিব (প্রশাসন-৩), SID	মহা-পরিচালক বিবিএস যুগ্ম-সচিব (প্রশাসন), SID
৬	জাতীয় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা একাডেমি সৃষ্টির জন্য বিধিমালা প্রণয়ন: বিধিমালা প্রণয়ন সংক্রান্ত নথির কার্যক্রম চলমান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	বিষয়টির সার্বিক অবস্থা বিভাগকে অবহিত করার জন্য মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো বরাবর পত্র প্রেরণ করতে হবে।	উপসচিব (প্রশাসন-৩), SID পরিচালক (এসএসটিআই), বিবিএস	অতিরিক্ত সচিব SID

